# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৪৭৭

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩. ভীতিকর অবস্থার সময় সালাত - যখন শত্রুরা কিবলামুখী থাকবে তখন সালাতুল খওফ বা ভয়-ভীতি অবস্থার সালাত পাঠের পদ্ধতি

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: شَهِدْتُ مَعَ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ صَلَاةَ الْخَوْفِ، فَصَفَّنَا صَفَّيْنِ: صَفٌّ خَلْفَ رَسُولِ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ وَالْعَدُوُّ بَيْنَنَا وَبَيْنَ الْقِبْلَةِ, فَكَبَّرَ النَّبِيُّ ـ صلى الله عليه وسلم ـ وَكَبَّرْنَا جَمِيعًا, ثُمَّ رَكَعَ وَرَكَعْنَا جَمِيعًا, ثُمَّ رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ وَرَفَعْنَا جَمِيعًا, ثُمَّ انْحَدَرَ بِالسُّجُودِ وَالصَّفُّ الَّذِي يَلِيهِ, وَقَامَ الصَّفُّ الْمُؤَخَّرُ فِي نَحْرِ الْعَدُوِّ, فَلَمَّا قَضَى السُّجُودَ, قَامَ الصَّفُّ الَّذِي يَلِيهِ ... فَذَكَرَ الْحَدِيثَ

وَفِي رِوَايَةٍ: ثُمَّ سَجَدَ وَسَجَدَ مَعَهُ الصَّفُّ الْأَوَّلُ, فَلَمَّا قَامُوا سَجَدَ الصَّفُّ الثَّانِي, ثُمَّ تَأَخَّرَ الصَّفُّ الْأَوَّلِ وَتَقَدَّمَ الصَّفُّ الثَّانِي ... فَذَكَرَ مِثْلَهُ

وَفِي آخِرِهِ: ثُمَّ سَلَّمَ النَّبِيُّ ـ صلى الله عليه وسلم ـ وَسَلَّمْنَا جَمِيعًا. رَوَاهُ مُسْلِمٌ

مسلم (1/ 574 ـ 575/ 840)

বাংলা

৪৭৭. জাবির (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে ভীতিকর অবস্থার সালাতে উপস্থিত ছিলাম। আমরা দু’টি সারিতে সারিবদ্ধ হলাম, একটি সারি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পেছনে থাকলো, আর শত্রুসেনা দল আমাদের ও কিবলার মধ্যে রইলো। এ অবস্থায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ’আল্লাহু আকবার’ বললেন। আমরাও সকলেই আল্লাহু আকবার বললাম। তারপর তিনি রুকু’ করলেন, আমরাও রুকু’ করলাম। তারপর তিনি রুকু’ হতে মাথা ওঠালেন, আমরাও একই সঙ্গে সকলেই মাথা

ওঠালাম। তারপর তিনি তাঁর নিকটতম সারিটিসহ সাজদায় অবনমিত হয়ে পড়লেন আর পেছনের সারিটি সাজদায় না গিয়ে শত্রুর মুকাবিলা করার জন্য দাঁড়িয়ে রইল। তারপর তাঁর সিজদা পূর্ণ হলে তাঁর নিকটের সারিটি দাঁড়াল।

অতঃপর রাবী পূর্ণ হাদীস উল্লেখ করেন। তারপর তিনি সিজদা করলেন ও তাঁর সঙ্গে প্রথম সারিও সিজদা করল। তারপর যখন তাঁরা দাঁড়ালেন তখন দ্বিতীয় সারি সিজদা করল। তারপর প্রথম সারি পিছিয়ে গেল ও দ্বিতীয় সারি অগ্রসর হল'-এরপর পূর্ববতী হাদীসের অনুরূপ এতেও বর্ণিত হয়েছে। এরই বর্ণনার শেষাংশে আছে-তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাম ফিরালে আমরাও সকলেই সালাম ফিরালাম।[1]

## ফুটনোট

[1] বুখারী ৪১৩৭, মুসলিম ৮৪০, নাসায়ী ১৫৪৫, ১৫৩৬, ১৫৪৭, ইবনু মাজাহ ১২৬০, আহমাদ ১৪৫১১, ১৪৫০১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70288

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন